

জকসুর খসড়া আচরণবিধি প্রকাশ

প্রার্থীদের ডোপ টেষ্টের সিদ্ধান্ত কমিশনের



জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশ: ০১ নভেম্বর ২০২৫ | ০৭:১৭

| প্রিন্ট সংক্ষরণ



জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জকসু) নির্বাচনের খসড়া আচরণবিধি প্রকাশ করেছে নির্বাচন কমিশন। গত বৃহস্পতিবার রাতে জকসুর ওয়েবসাইটে এ বিধিমালা প্রকাশ করা হয়। প্রকাশিত আচরণবিধিতে প্রার্থীদের ডোপ টেষ্ট বাধ্যতামূলক করা হয়েছে।

বিধিমালার ৩ নম্বর ধারায় বলা হয়েছে, কমিশন প্রত্যেক প্রার্থীর ডোপ টেষ্টের মাধ্যমে মাদকাসক্তির বিষয়টি পরীক্ষা করবে। মাদকাসক্ত প্রমাণিত হলে প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। কেউ ডোপ টেষ্টে অনুপস্থিত থাকলে তাঁর মনোনয়নপত্র

স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

এ আচরণবিধিতে বলা হয়েছে, কোনো প্রার্থী ফৌজদারি অপরাধে শাস্তি পেলে ভোটাধিকার ও প্রার্থিতা বাতিল হবে। কোনো শিক্ষার্থী শৃঙ্খলা পরিপন্থি ও যৌন অপরাধ করলে অথবা এ জাতীয় অপরাধের শাস্তি পেলে তিনি ভোটাধিকার হারাবেন। তাঁর প্রার্থিতাও বাতিল হবে।

আচরণবিধিতে আরও বলা হয়েছে, কোনো প্রার্থী বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা পরিপন্থি কাজে যুক্ত থাকার কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শাস্তি দিলে, তা শেষ না হওয়া পর্যন্ত তিনি নির্বাচনে প্রার্থী হিসেবে অযোগ্য হবেন। তবে শাস্তির মেয়াদ শেষ হলে এবং নিয়মিত শিক্ষার্থীর মর্যাদা ফিরে পেলে তিনি নির্বাচনে ভোটার ও প্রার্থী হতে পারবেন।

ডেপ টেষ্টকে স্বাগত ছাত্রনেতাদের

ডেপ টেষ্টের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন বিভিন্ন ছাত্র সংগঠনের নেতারা। এই উদ্যোগ প্রশংসার দাবিদার বলে জানান শাখা ছাত্র অধিকার পরিষদের যুগ্ম সাধারণ সম্পাদক সোহান প্রামাণিক। শাখা ছাত্রশিবিরের সাধারণ সম্পাদক আব্দুল আলিম আরিফ বলেন, আমরা চাই জকসুর প্রার্থীরা শারীরিক ও মানসিকভাবে সুস্থ, দায়িত্বশীল হোক। শাখা ছাত্রদলের আহ্বায়ক সদস্য আবু বকর খান বলেন, এই উদ্যোগকে স্বাগত জানাই।

জকসুর প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক মোস্তফা হাসান বলেন, নির্বাচনের দিন নির্ধারণ করিনি। সোমবারের মধ্যে তপশিল ঘোষণা হবে।